24

দৈনিক ইত্তেফাক

তারিখ 11 APR 1996
পৃষ্ঠা ৭ কলাম ৮

# কৃষি বিশ্ববিদ্যালয়ে ছাত্র সংঘর্ষে ৭ জন আহত

কৃষিবিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ গতকাল বুধবার কৃষি বিশ্ববিদ্যালয়ে সংঘর্ষে ৭ জন আহত হইয়াছে। মারাত্মক আহত অবস্থায় ছাত্রলীগের (শা-পা) সহ-সভাপতি

( ১০ম পৃঃ ১-এর কঃ দ্রঃ )

## কৃষি বিশ্ববিদ্যালয়ে

( ১ম পৃঃ পর )

ছদরুল আলম এবং নাজমুল আহসান হল শাখার সভাপতি বুলবুল আহমদকে ময়মনসিংহ মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। অন্য আহতরা হইলেন কুসুম, জিএস চন্দন, বুটন, কুয়াশা ও আরিফ। আমতলায় ছাত্রলীগ (শা পা) সন্ত্রাস ও অস্ত্রমুক্ত ক্যাম্পাসের দাবীতে সমাবেশ শুরুর প্রাক্কালে ছাত্রদলের মিছিল সমাবেশের পাশ দিয়া যাওয়ার সময় উত্তেজনার সৃষ্টি হয় এবং ছাত্রদল ও ছাত্রলীগ নেতা কর্মীদের মধ্যে বাকবিতণ্ডার এক পর্যায়ে ছাত্রদল সমাবেশে হামলা চালায়। পরে ছাত্রলীগ ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল করিয়া প্রশাসন ভবনের সামনে সমাবেশ করে। সমাবেশে বক্তারা আগামী সোমবার পূর্ণ দিবস ছাত্র ধর্মঘট আহ্বান করে। ফাইনাল পরীক্ষা ধর্মঘটের আওতামুক্ত। ছাত্রলীগ সন্ত্রাসীদের গ্রেফতার এবং ক্যাম্পাস অস্ত্রমুক্ত করার দাবীতে ভাইস চ্যান্সেলর, জেলা প্রশাসক ও পুলিশ সুপারের নিকট স্মারকলিপি পেশ করে।

ছাত্রদল এক প্রেস বিজ্ঞপ্তি এবং সাংবাদিক সম্মেলনে জানায়, চট্টগ্রামে বিএনপি'র ৫ জন নিহত হওয়ার প্রতিবাদে ছাত্রদলের মিছিল চলাকালে ছাত্রলীগের হামলায় ছাত্রদলের ৫ জন আহত হয়। জাতীয় ছাত্রসমাজ ও ছাত্র ইউনিয়ন পৃথক প্রেস বিজ্ঞপ্তিতে উক্ত ঘটনার তীব্র নিন্দা এবং প্রতিবাদ জানায়। তাহারা সন্ত্রাসীদের গ্রেফতারের দাবী জানান।